Elm - ২০৬৪২০


# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


MC 19620

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩২৩/ ৩০৭৬ তারিখঃ ২৫.০৬.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ- দেওয়ানী মোকদ্দমা নং-৪৬/২০১৪ নিস্পত্তি হওয়ায় মাদ্রাসার সুপার মোঃ মহিউদ্দিন আল হেলালী (সাময়িক বরখাস্ত) কর্তৃক ১৯/১১/২০১৮ খ্রিঃ তারিখের দরখাস্ত নিস্পত্তি প্রসঙ্গে।**

১) সূত্র : নং-বামাশিবো/সংস্থাপন/বাস্তবায়ন/এ-৪; তারিখ: ২৩/০৬/২০১৬ খ্রি:
২) সূত্র: নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩২৩/৩০৪০; তারিখ: ২০/০১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন চারিজানিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: মহিউদ্দিন আল হেলালী কর্তৃক দায়েরকৃত দেওয়ানী মোকাদ্দমা নং-৪৬/২০১৪ প্রত্যাহার করে সাময়িক বরখাস্ত ও তৎপরবর্তীতে বোর্ডের অনুমোদন ব্যতিরকে চুড়ান্ত বরখাস্তের বিরুদ্ধে প্রতিকার চেয়ে অত্র বোর্ড বরাবর ১৯/১১/২০১৮ ইং তারিখে একখানা আবেদন করেন। অন্যদিকে মোকাদ্দমা থাকাবস্থায় সাময়িক বরখাস্তকৃত সুপারের চুড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন শাখায় আবেদন করেন। অত্র বোর্ডের আপিল ও আরবিট্রেশন কমিটি কর্তৃক উক্ত বিষয়ে মামলা থাকায় সিদ্ধান্ত না দিয়ে মামলা নিস্পত্তির পর আদালতের সার্টিফাইড কপিসহ আবেদন করার জন্য সূত্রোক্ত ১ নং স্মারকে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে পত্র দেয়া হয়।

২। মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: মহিউদ্দিন আল হেলালীর ১৯/১১/২০১৮ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ২ নং স্মারকে আবেদনের কপি সংযুক্ত করে বর্ণিত বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ব্যাখ্যা দাখিল করার জন্য সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে পত্র প্রেরণ করা হয়।পরবর্তীতে একই বিষয়ে জনাব মো: মহিউদ্দিন আল হেলালী কর্তৃক রিট পিটিশন নং ১৫৮৬৫/২০১৮ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট ০৩/০২/২০১৯ খ্রিঃ তারিখে এক আদেশে বোর্ডকে ৬০ (ষাট) দিনের মধ্যে মো: মহিউদ্দিন আল হেলালীর ১৯/১১/২০১৮ ইং তারিখের আবেদনের নিস্পত্তির জন্য নির্দেশ প্রদান করেন।

৩। বোর্ডের সূত্রোক্ত ২ নং পত্রের প্রেক্ষিতে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার ২৭/০৪/২০১৯ খ্রি. তারিখে জবাব দাখিল করেন। জবাব পর্যালোচনায় দেখা যায় সূত্রোক্ত ১ নং স্মারকে বর্ণিত ২৩/০৬/২০১৬ খ্রি: তারিখের পত্র মোতাবেক কোন আবেদন বোর্ডে দাখিল করেননি এবং সূত্রোক্ত ২ নং স্মারক অনুযায়ী সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: মহিউদ্দিন আল হেলালীর ১৯/১১/২০১৮ ইং তারিখের আবেদনে বর্ণিত অভিযোগ বিষয়ে কোন বক্তব্য প্রদান করেননি অথবা কোন সমর্থনীয় কাগজপত্র দাখিল করেননি। ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি তাদের ২৭/০৪/২০১৯ খ্রিঃ তারিখের লিখিত বক্তব্যে উল্লেখ করেছেন যে, মাদ্রাসার ম্যানেজিং কমিটি বিগত ১০/০৩/২০১৯ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব মো: মহিউদ্দিন আল হেলালীকে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে এবং সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র ৩০/০৩/২০১৫ খ্রিঃ তারিখে বোর্ডে দাখিল করা হয়েছে।

৪। জনাব মো: মহিউদ্দিন আল হেলালীর ১৯/১১/২০১৮ ইং তারিখের আবেদনে, সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার ২৭/০৪/২০১৯ খ্রি. তারিখের জবাব ও বোর্ডের নথি পর্যালোচনায় দেখা যায় যে, মাদ্রাসা কর্তৃপক্ষ সূত্রোক্ত ১ নং স্মারকে ২৩/০৬/২০১৬ খ্রি: তারিখের পত্র মোতাবেক মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার কোন আবেদন বোর্ডে দাখিল করেন নাই অথবা বিগত ১০/০৩/২০১৯ খ্রিঃ তারিখের ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব মো: মহিউদ্দিন আল হেলালীকে চূড়ান্ত বরখাস্তকরণ সংক্রান্ত কোন কাগজপত্রও বোর্ডে দাখিল করা হয় নাই,এমনকি ২৭/০৪/২০১৯ খ্রিঃ তারিখের লিখিত বক্তব্যের সাথেও ১০/০৩/২০১৯ খ্রিঃ তারিখের ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত সংযুক্ত করা হয় নাই অথবা তাদের অভিযোগের সমর্থনে কোন কাগজপত্র দাখিল করা হয় নাই,দাখিলকৃত কাগজপত্র (৫১ পৃষ্ঠা) সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: মহিউদ্দিন আল হেলালী কর্তৃক দায়েরকৃত দেওয়ানী মোকাদ্দমা নং- ৪৬/২০১৪ এর বিষয় সংশ্লিষ্ট যাহা তিনি বোর্ড কর্তৃক তার সাময়িক/চূড়ান্ত বরখাস্তের বিষয়ে বোর্ডের মাধ্যমে আইনগত নিস্পত্তির লক্ষ্যে প্রত্যাহার করেছেন। উল্লেখ্য বেসরকারী মাদ্রাসা শিক্ষকদের চাকুরীর শর্তাবলী ১৯৭৯ এর প্রবিধানমালা ১২ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) মোতাবেক শিক্ষক ও কর্মচারীদের অপসারণ ও বরখাস্তের বিষয়ে বোর্ডের পূর্বানুমোদন গ্রহণ ব্যতীত আরোপ করা যাইবে না মর্মে বিধান রয়েছে। নথিদৃষ্টে বোর্ডের ২৩/০৬/২০১৬ খ্রি. তারিখের পত্র মোতাবেক অদ্যবধি মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার বরখাস্ত প্রস্তাব অনুমোদনের জন্য কোন আবেদন দাখিল করেন নাই। মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার ২৭/০৪/২০১৯ খ্রিঃ তারিখের লিখিত বক্তব্যে অনুযায়ী ১০/০৩/২০১৯ খ্রিঃ তারিখের ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব মো: মহিউদ্দিন আল হেলালীকে চূড়ান্ত বরখাস্তকরণ বেসরকারী মাদ্রাসা শিক্ষকদের চাকুরীর শর্তাবলী ১৯৭৯ এর প্রবিধানমালা ১২ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) ১৯৭৯ ও ২০০৯ এর স্পষ্ট লংঘণ।

\\192.168.101.190\Shujon2\manik

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


বর্ণিত অবস্থায় বেসরকারী মাদ্রাসা শিক্ষকদের চাকুরীর শর্তাবলী ১৯৭৯ এর প্রবিধানমালা ১২ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) লংঘণ করে বিধিবর্হিভূতভাবে সুপারকে বরখাস্ত করা হয়েছে বিধায় মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপারকে সাময়িক বরখাস্তকৃত সুপার মো: মহিউদ্দীন আল হেলালীর নিকট মাদ্রাসা সুপারের দায়িত্ব পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে হস্তান্তর করে অত্র বোর্ড কে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হল।

বি:দ্র: বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৫.০৬.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

১)সুপার (ভারপ্রাপ্ত),চারিজানিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা

২) সভাপতি,চারিজানিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা

৩) জনাব মহিউদ্দিন আল হেলালী, সুপার, চারিজানিয়া জামেয়াই ছালেহিয়া দ্বীনিয়া দাখিল মাদ্রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩২৩/ তারিখঃ .০৬.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুমিল্লা।
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা ।
৩. উপজেলা নির্বাহী অফিসার নাঙ্গলকোট,কুমিল্লা ।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোন নং৯৬৭৪৮৭৪